NYC Department of Social Services
OFFICE OF CIVIL JUSTICE

# উচ্ছেদের সম্মুখীন হওয়া ভাড়াটেদের জন্য আইনি পরিষেবাগুলিতে সর্বজনীন অ্যাক্সেস প্রদানের জন্য NYC নাগরিক ন্যায়ের অফিসের কর্মসূচি

2017 সালে, নিউ ইয়র্ক সিটি কাউন্সিল স্থানীয় আইন 136 পাস হয়েছিল, যা এখন NYC প্রশাসনিক কোডের শীর্ষক 26-এর অধ্যায় 13 হিসাবে কোড করা হয়েছে, যেটি নিউ ইয়র্ক সিটির ঐতিহাসিক রাইট-টু-কাউন্সেল আইন হিসাবেও পরিচিত, যা নাগরিক ন্যায়ের অফিস (Office of Civil Justice, OCJ)-কাজ করে। নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority, NYCHA)-এর প্রশাসনিক কাজকর্মে আবাসিক কোর্টে উচ্ছেদের বা ভাড়াটে চুক্তির অবসানের সম্মুখীন ভাড়াটেদের আইনি পরিষেবাদিতে অ্যাক্সেস প্রদান করার দায়ভার দিয়েছে। আইনটি দাবি করে যে নাগরিক ন্যায় সমন্বয়কারী এই সমস্ত কর্মসূচি সম্বন্ধে সুপারিশ এবং প্রতিক্রিয়া পেতে একটি বার্ষিক গণ শুনানি অনুষ্ঠিত করবে।

## কখন ও কোথায় শুনানি হবে?

**বুধবার, 29 জানুয়ারী 2025**
**বিকেল 6টা থেকে রাত 9টা**
**শুনানিটা দূরবর্তীভাবে Zoom-এর মাধ্যমে অনুষ্ঠিত হবে**

## আমি কীভাবে অংশগ্রহণ করতে পারি?

গণ শুনানিতে যে কেউ অনলাইনে বা ফোনে অংশ নিতে পারেন। আপনি এগুলির দ্বারা আইনি পরিষেবার সর্বজনীন অ্যাক্সেস কর্মসূচির (Legal Services program) বিষয়ে মতামত বা প্রতিক্রিয়া প্রদান করতে পারেন:

### গণ শুনানি

আপনি 28 জানুয়ারী 2025 এ বা তার আগে **929-221-5422** নম্বরে ফোন করে বা civiljustice@hra.nyc.gov এ ইমেল করে গণ শুনানিতে বক্তব্য রাখতে সাইন আপ করতে পারেন। বক্তারা যে ক্রমে সাইন আপ করবেন সেই ক্রমে তাঁদের বক্তব্য রাখতে ডাকা হবে এবং আপনি তিন মিনিট পর্যন্ত কথা বলতে পারবেন।

**অনলাইনে (ভিডিও এবং অডিও):**
https://www.zoomgov.com/j/1617738466 এ যান
বা Zoom.us-এ যান। "মিটিংয়ে যোগ দিন"-এ ক্লিক করুন। অনুরোধ করা হলে, **মিটিং আইডি প্রবেশ করান: 161 773 8466**

**ফোনের দ্বারা (শুধু অডিও):**
**(646) 828-7666** নম্বরে ফোন করুন। জিজ্ঞেস করা হলে প্রবেশ করান: **মিটিংয়ের আইডি: 161 773 8466**

**ডাকযোগে** আপনি এই ঠিকানায় মতামত লিখে পাঠাতে পারেন:

Office of Civil Justice / ATTN: HEARING COMMENTS
NYC DSS Office of Legal Affairs
150 Greenwich Street, 38th Floor
New York, NY 10007

**ইমেল** আপনি মতামত লিখে civiljustice@hra.nyc.gov এ ইমেল পাঠাতে পারেন।
অনুগ্রহ করে আপনার ইমেলের সাবজেক্ট লাইনে "শুনানির মন্তব্যসমূহ (Hearing Comments)" অন্তর্ভুক্ত করবেন।

**লিখিত মন্তব্য জমা করানোর শেষ তারিখ হল 29 জানুয়ারী 2025**

**আপনার যদি শুনানিতে অংশগ্রহণ করার জন্য সহায়তা প্রয়োজন হয়,** যেমন কোনও দোভাষী বা কোনও প্রতিবন্ধকতার জন্য বিশেষ ব্যবস্থা, তাহলে আপনাকে অবশ্যই আমাদের 28 জানুয়ারী 2025 এর মধ্যে তা জানাতে হবে। **929-221-5422** নম্বরে আমাদের কল করুন; civiljustice@hra.nyc.gov এ আমাদের ইমেল করুন; অথবা উপরের ঠিকানায় চিঠি পাঠিয়ে জানান।

**শুনানির একটা অনুলিপি জনগণের উদ্দেশ্যে OCJ-এর ওয়েবসাইট,** nyc.gov/civiljustice -এ, শুনানির কয়েক সপ্তাহ পরে উপলব্ধ থাকবে।

আরও তথ্যের জন্য OCJ-এর ওয়েবসাইট, nyc.gov/civiljustice দেখুন

POST-223 (B) 12/27/2024
(E) rev. 12/24